

স্কুলে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার

পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

এখন থেকে হাই স্কুলে মোবাইল ফোন নিষিদ্ধ করা হয়েছে

NSW সরকারী প্রাইমারী স্কুলগুলোতে ইতিমধ্যে জারি করা নিষেধাজ্ঞার উপর ভিত্তি করে হাই স্কুলগুলোতে মোবাইল ফোন ব্যবহারের উপর নিষেধাজ্ঞাটি তৈরি করা হয়েছে।

ক্লাসের, বিরতির এবং মধ্যাহ্নভোজের সময় এই নিষেধাজ্ঞা প্রযোজ্য। শিক্ষার্থীদের জন্য স্কুলে আসা-যাওয়ার সময় ফোন বহন করার অনুমতি আছে।

অধ্যক্ষ এবং শিক্ষকরা শিক্ষামূলক উদ্দেশ্যে বা শিক্ষার্থীদের শেখার এবং সুস্থতার জন্য যুক্তিসঙ্গত সমন্বয়ের অংশ হিসাবে মোবাইল ফোন ব্যবহারের অনুমোদন দিতে পারেন।

নিষেধাজ্ঞা প্রবর্তনকে সমর্থন করার জন্য, NSW শিক্ষা বিভাগ স্কুলগুলোকে তাদের স্থানীয় সম্প্রদায়ের সাথে বিভিন্ন বাস্তবায়নের বিকল্পসম্পর্কে পরামর্শ করতে বলেছে।

এই বিকল্পগুলোর মধ্যে রয়েছে:

বন্ধ এবং দূরে রাখা: ফোন বন্ধ এবং দূরে রেখে দেয়া (সাধারণত শিক্ষার্থীর স্কুল ব্যাগে)। স্কুল দিবসের সময়ে ফোন ব্যবহার না করা।

লকারে ফোন রাখা: শিক্ষার্থীরা তাদের সাথে ফোন বহন করে না; স্কুল দিবসের সময়ে ফোন অবশ্যই একটি লকারে রাখতে হবে।

লক করা ফোন পাউচ: শিক্ষার্থীরা তাদের ফোনটি ম্যাগনেটিকভাবে লক করা থলিতে রাখে এবং স্কুল চলাকালীন সময়ে তাদের ফোনটি ব্যবহার করতে পারে না। স্কুলের দিন শেষে পাউচগুলো ম্যাগনেটিকভাবে আনলক করা হয়।

সামনের অফিস থেকে ফোন সংগ্রহ: শিক্ষার্থীরা স্কুল দিবসের শুরুতে স্কুলের সামনের অফিসে তাদের ফোন জমা দেয় এবং দিন শেষে (বা স্কুল প্রাপ্ত ছাড়ার সময়) এটি সংগ্রহ করে।

পাঠ্যক্রমের শুরুতে ফোন সংগ্রহ: শিক্ষক পাঠের শুরুতে ফোনগুলো সংগ্রহ করেন এবং জমা রেখে দেন এবং পাঠ শেষ হওয়ার পরে এবং/অথবা শিক্ষার্থী শ্রেণিকক্ষ থেকে বেরিয়ে যাওয়ার সাথে সাথে শিক্ষার্থীর কাছে ফিরিয়ে দেন।

এই নীতিটি বাস্তবায়নের জন্য প্রতিটি স্কুল সম্প্রদায় কোন বিকল্প উপায় ব্যবহার করবে তা বেছে নিয়েছে।

স্কুল চলাকালীন সময়ে পিতামাতা এবং পরিচর্যাকারীদের সাথে শিক্ষার্থীদের যোগাযোগ

এমন সময় আসতে পারে যখন পিতামাতা এবং পরিচর্যাকারীদের স্কুল চলাকালীন সময়ে শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করতে হতে পারে অথবা শিক্ষার্থীদের তাদের সাথে যোগাযোগ করতে। পিতামাতা এবং পরিচর্যাকারীরা স্কুল অফিসের মাধ্যমে স্কুলের সাথে যোগাযোগ করতে পারবেন এবং শিক্ষার্থীরা জরুরী পরিস্থিতিতে স্কুল অফিসের মাধ্যমে পিতামাতা বা পরিচর্যাকারীদের সাথে যোগাযোগ করতে সক্ষম হবে।

টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা

আপনি যদি আরও তথ্য চান তবে অনুগ্রহ করে স্কুলে কল করুন। আপনার অনুসন্ধানের সহায়তা করার জন্য যদি আপনার কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে টেলিফোন দোভাষী পরিষেবা 131 450 নম্বরে কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য জিজ্ঞাসা করুন।

আপনি যে ফোন নম্বরটিতে কল করতে চান তা অপারেটরকে বলুন এবং অপারেটর আপনাকে কথোপকথনে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

